যুগান্তর

তারিখ 05 JAN 2007
পৃষ্ঠা - ৩ কলাম ২

# ভর্তিযুদ্ধে সরব রাজধানীর বিদ্যালয়গুলো

মুসতাক আহমদ

রাজধানীতে শিশু শ্রেণী, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের ভর্তি মৌসুম শুরু হয়েছে। ছেলেমেয়েদের ভর্তিযুদ্ধের কারণে অভিভাবকরা এখন রীতিমতো টেনশনে। ইতিমধ্যেই কিছু স্কুলের ভর্তি কার্যক্রম শেষ হলেও সরকারি স্কুলসহ অধিকাংশ বেসরকারি নামিদামি স্কুলে এখনও ভর্তি প্রক্রিয়া চলছে। এসব স্কুলে ইতিমধ্যেই ভর্তির আবেদনপত্র বিক্রি শেষ হয়েছে। ক'দিন পরই শুরু হবে মেধার লড়াই। তাই ভর্তিচ্ছুদের সঙ্গে সঙ্গে তাদের বাবা-মায়ের ঘুমও হারাম হয়ে গেছে। রাজধানীর ২৪টি সরকারি স্কুল ও ভিকারুননিসা নূন স্কুলের ভর্তি ফরম বিক্রি শেষ। আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোটের ডাকা টানা দু'দিনের অবরোধ কর্মসূচিতে সরকারি স্কুলের দুটি গ্রুপ ও ভিকারুননিসা নূন স্কুলের পরীক্ষা থাকায় শিক্ষার্থী ও অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছেন। আগামী ৭ ও ৮ জানুয়ারি মহাজোট দেশব্যাপী অবরোধ কর্মসূচি ডেকেছে। ওই দু'দিন 'এ' ও 'বি' গ্রুপ এবং ভিকারুননিসার দুটি পরীক্ষা পড়েছে। এ গ্রুপের অন্তর্ভুক্ত ৮টি বিদ্যালয়ের ৭ জানুয়ারি অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষা অনিবার্য কারণে ১৩ জানুয়ারি শনিবার পূর্বনির্ধারিত সময়সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে। 'এ' গ্রুপভুক্ত বিদ্যালয়গুলো হচ্ছে— গভ. ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

## ২৪ সরকারি স্কুলে প্রতি আসনে প্রার্থী ৫ জন

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ২৪টি স্কুলে বিভিন্ন শ্রেণীতে মোট ৭ হাজার ৯৭৮টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। আর এর বিপরীতে আবেদন করেছে ৩৯ হাজার ৭৭৯ জন। এর মধ্যে 'এ' গ্রুপে ১১ হাজার ৬৬০, 'বি' গ্রুপে ১৪ হাজার ৫৪০ এবং 'সি' গ্রুপে ১৩ হাজার ৫৮৬ জন আবেদন করেছে। গড়ে প্রতি আসনের জন্য ভর্তিযুদ্ধে লিপ্ত হবে প্রায় ৫ জন।

ঢাকা মহানগরীর ২৪টি সরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তির জন্য গত ২৪ ডিসেম্বর ফরম বিক্রি শেষ হয়। ২৪টি স্কুলের মধ্যে ৮টি করে 'এ', 'বি' এবং 'সি'— এই তিনটি গ্রুপে ভাগ করে স্কুলগুলোর ভর্তি পরীক্ষা নেয়া হবে। 'এ' গ্রুপের ৮টি স্কুলের মধ্যে রয়েছে— গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভ. গার্লস হাই স্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। 'বি' গ্রুপের ৮টি স্কুলের মধ্যে রয়েছে— মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, গভ. মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাই স্কুল, ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমণ্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। 'সি' গ্রুপের ৮টি স্কুলের মধ্যে রয়েছে— ধানমণ্ডি গভ. [illegible] হাই স্কুল, আরমানিটোলা সরকারি উচ্চ ভর্তিযুদ্ধ : পৃষ্ঠা ২ : কলাম ৮

## ভর্তিযুদ্ধ : রাজধানীতে

(৩য় পৃষ্ঠার পর) বিদ্যালয়, শেরেবাংলানগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়।

'এ' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৭ জানুয়ারি। 'বি' গ্রুপের ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ জানুয়ারি এবং 'সি' গ্রুপের ৮টি স্কুলের পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১১ জানুয়ারি। ভিকারুননিসা নূন স্কুলে বাংলা মিডিয়ামের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৮, ৯, ১০ ও ১১ জানুয়ারি।